

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পশ্চিম এশিয়া শাখা  
ঢাকা

নং ১৯.০০.০০০০.৪৬৫.০৭.১১০.২১/৫০২

০১ সেপ্টেম্বর ২০২১

প্রেরকঃ জিকরুল হাসান ফাহাদ  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব শেখ মুহাম্মদ রেফাত আলী  
উপসচিব  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

বিষয়ঃ বাংলাদেশ ও কাতারের মধ্যে আগামী ০৫-০৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে কাতারের দোহায় অনুষ্ঠিতব্য দ্বিতীয় দ্বিপাক্ষিক পরামর্শ সভায় (Foreign Office Consultation) অংশগ্রহণের জন্য বাংলাদেশের প্রতিনিধি দলের সদস্য হিসেবে জনাব শেখ মুহাম্মদ রেফাত আলী, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ০৫-০৬ সেপ্টেম্বর ২০২১ কাতারের দোহায় অনুষ্ঠিতব্য বাংলাদেশের সঙ্গে কাতারের দ্বিতীয় দ্বিপাক্ষিক পরামর্শ সভায় অংশগ্রহণের নিমিত্ত মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের সদস্য হিসেবে জনাব শেখ মুহাম্মদ রেফাত আলী, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর অনুকূলে কাতারে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারী সফরের জন্য তিনি ০৪ সেপ্টেম্বর ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে কাতারের উদ্দেশ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের সদস্য হিসেবে ঢাকা ত্যাগ করবেন এবং ০৭ সেপ্টেম্বর ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে কাতার ত্যাগ করবেন।

৩। সফরকালীন সময়ে তিনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবেন এবং তাঁর বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

— স্বাক্ষর: —

(জিকরুল হাসান ফাহাদ)  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া-১)  
ফোন-৮৮০২২২৩৩৮৭৯০০  
ইমেইল: as.wa1@mofa.gov.bd

নং ১৯.০০.০০০০.৪৬৫.০৭.১১০.২১/৫০২

০১ সেপ্টেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এফএসও/এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চিফ একান্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল/হিসাব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৮। বাংলাদেশ দূতাবাস, দোহা, কাতার।
- ৯। অফিস কপি।

— স্বাক্ষর: —  
১/৯/২১

(জিকরুল হাসান ফাহাদ)  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া-১)